

সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন সংক্রান্ত দ্বিতীয় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২০২১)
সভার কার্যবিবরণী

সভাপতি : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।
সভার তারিখ : ৩০-১২-২০২১
সভার সময় : সকাল ১০.০০টা
স্থান : প্রধান বিস্ফোরক পরিদর্শক মহোদয়ের অফিস কক্ষ।

আলোচনা:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী বিস্ফোরক পরিদর্শক সানজিদা আক্তার জানান, ২০২১-২০২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরীক্ষণ সংক্রান্ত দ্বিতীয় ত্রৈমাসিক সভা অদ্য অনুষ্ঠিত হচ্ছে। তিনি আরো জানান গত ৩০-৯-২০২১ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন পরীক্ষণ সংক্রান্ত তৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) সভা অনুষ্ঠিত হয়।


০২। সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভায় জানতে চাওয়া হলে ফোকাল পয়েন্ট জানান সিটিজেন চার্টার অনুযায়ী সকল কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে। তাছাড়াও অংশীজনদের সাথে অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে।

০৩। তিনি সভাকে আরো অবহিত করেন যে সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ করা হয় এবং হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশ করা হয়। তিনি আরো বলেন, মনিরা ইয়াসমিন, বিস্ফোরক পরিদর্শক ২৫-১০-২০২১ তারিখে উপপ্রধান বিস্ফোরক পরিদর্শক পদে চলতি দায়িত্ব পেয়েছেন। সেবা প্রদান প্রতিশ্রুতির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কলামে উক্ত পদবি (বিস্ফোরক পরিদর্শক) পরিবর্তন করে পদবি (উপপ্রধান বিস্ফোরক পরিদর্শক (চ.দা.) হালনাগাদ করা হয়েছে। হালনাগাদকৃত তথ্য ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে।

সিদ্ধান্ত :

- ক) সিটিজেন চার্টার বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে;
- খ) সিটিজেন চার্টারের হালনাগাদ তথ্য ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

০৪। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



৩০/১২/২০২১

আবুল কালাম আজাদ
প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ
টেলিফোন: ২২২২২৫২৫৮